

সাংবাদিকসহ ৪ জন গ্রেফতার

# বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের জাল সার্টিফিকেট ও কোটি টাকার জাল স্ট্যাম্প উদ্ধার

নিজস্ব বার্তা পরিবেশক : সিআইডি নগরীর উত্তর মাদারটেক এলাকার একটি বাসায় অভিযান চালিয়ে বিপুল পরিমাণ জাল সার্টিফিকেট, নন-জুডিশিয়াল ও রেভিনিউ স্ট্যাম্প এবং রিকশা টোকেনসহ সার্টিফিকেট ও স্ট্যাম্প তৈরির সরঞ্জাম উদ্ধার করেছে।

সোমবার সকালে এ অভিযান চালানো হয়। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে ১ জন সাংবাদিকসহ ৪ জনকে গ্রেফতার করা হয়েছে। তারা হলেন সাংবাদিক আবদুল্লাহ আল মামুন কবি। সে দৈনিক সমাচার পত্রিকার চিফ ফটো সাংবাদিক। তার অ্যাক্রিডিশন কার্ড নং ১৩২০। অন্যরা হলো মো. সালাহউদ্দিন, জাহাঙ্গীর ও আলম মিয়া।


গতকাল সকাল সাড়ে ৭টায় সিআইডি

সবুজবাগ থানার মাদারটেক এলাকা থেকে কম্পিউটারসহ ওই ৪ জনকে আটক করে।

সিআইডি আবদুল্লাহ আল মামুনের বাসা তদ্বাশি করে বিভিন্ন শিক্ষা বোর্ডের বিপুলসংখ্যক এসএসসি, এইচএসসি, আলিম এবং জাতীয় বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএ, বিএসএস, বি.কম, বি.এসসি, পাস ও অনার্স সার্টিফিকেট, বাংলাদেশ সরকারের

একশ' টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প, ৪ টাকা ও ৫০ টাকার হাল রেভিনিউ স্ট্যাম্প, ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের 'কন্ট্রোলার অফ একজামিনেশন' লেখা একটি আ্যাম্বোস সিল, ঢাকা সিটি কর্পোরেশনের রিকশা টোকেন/বিল সনদপত্র ও নেগেটিভ আটক করে।

জাল : পৃঃ ১১ কঃ ৬



সোমবার সিআইডি পুলিশ প্রচুর জাল সার্টিফিকেট ও জাল স্ট্যাম্প আটক করে। ছবিতে জাল সার্টিফিকেটসহ আটককৃত ৪ জন।

## জাল : সার্টিফিকেট (১ম পৃষ্ঠার পর)

গ্রেফতার হওয়া সাংবাদিক আবদুল্লাহ আল মামুনের সঙ্গে কথা হলে তিনি এসব কাজে জড়িত নন বলে জানান। মামুন বলেন, মাহবুব নামে তার এক বন্ধু ৬/৭ মাস আগে তার বাসায় একটি ট্রাক রেখে যায়। এগুলো সেই ট্রাকের মধ্যে ছিল।

সার্টিফিকেট জাল হওয়ার বিষয়ে শিক্ষা প্রতিমন্ত্রী আন.ম এহসানুল হক মিলনের সঙ্গে কথা হলে তিনি বলেন, সার্টিফিকেট জাল হওয়ার অভিযোগ আমাদের কাছে অনেক দিন ধরেই আছে। যারা ধরা পড়েছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। আগামী কয়েকমাসের মধ্যে সকল বোর্ডে বিশেষ সিলযুক্ত সার্টিফিকেট দেয়া হবে বলে তিনি জানান। এ বিষয়ে দরপত্র আহ্বান করা হয়েছে। সর্বনিম্ন দরপত্র জমাদানকারীও ঠিক করা হয়েছে। ওয়ার্ক পারমিট দিলেই কাজ শুরু হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কন্ট্রোলার আবদুল লতিফ জানান, বিভিন্ন দেশ থেকে আমাদের কাছে প্রায়ই জাল সার্টিফিকেটের অভিযোগ আসে। যুক্তরাষ্ট্র, কানাডা, নিউজিল্যান্ড, সিঙ্গাপুর থেকে বেশি অভিযোগ আসে বলে তিনি জানান। তিনি বলেন, অনেক সময় আমরা জাল সার্টিফিকেট ধরি; কিন্তু পরে ছাড়া পেয়ে যায়। গ্রেফতার করা ৪ জনকে আজ রিমান্ডে নেয়া হবে বলে সিআইডি জানায়।